

## Kumudini Bulletin

May-August: 2024

#### বুহুমুদিদ্রী বুলেটিবা

(মে=আগস্ট: ২০২৪)

৭ই মে: গণহত্যা ও অপহরণ দিবস

আর পি সাহা ও ভবানী প্রসাদ সাহা-র অপহরণ দিবসে স্মরণ সভা 7<sup>th</sup> May: Genocide & Abduction Day

## **Abduction Day of R P Shaha** and **Bhabani Prasad Shaha**



Prayers for Shaheed Ranada Prasad Shaha and Shaheed Bhabani Prasad Shaha on their 54th Abduction Day.

নৃশংস ৭ই মে। মির্জাপুরবাসী ও কুমুদিনীর জন্য এক অভিসম্ভাপের দিন। আমাদের মুক্তিযুদ্ধ চলাকালে এই দিন পাকিস্তানী হানাদার বাহিনীর নেতৃত্বে নারায়ণগঞ্জস্থ কুমুদিনী কমপ্রেক্স থেকে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা ও তাঁর পুত্র ভবানী প্রসাদ সাহা-কে অপহরণ করা সহ মির্জাপুর ও পার্শ্ববর্তী এলাকার ৫৭ জনকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়। তাঁরা সকলে হন আমাদের স্বাধীনতার বলি।

আক্রমণকারীদের অতর্কিত হামলায় ঘরে ঘরে আগুন দেয়া, লুটপাট, নির্যাতন এবং নির্বিচারে নিরীহ মানুষকে হত্যার মতো হৃদয়বিদারক ঘটনাগুলো মির্জাপুর এলাকার মানুষেরা আজও ভুলতে পারেননি। দেশ স্বাধীন হলেও সেই ভয়াবহ স্মৃতি আজও তাদেরকে তাড়া করে।

দিবসটি উপলক্ষে ৭ই মে মঙ্গলবার ভারতেশ্বরী হোমসের পিপিএম হলে প্রতিবারের মতো এবারও এক স্মরণসভার আয়োজন করা হয়। এতে উপস্থিত ছিলেন কুমুদিনী The Brutal 7th May. A cursed day for the people of Mirzapur and Kumudini Welfare Trust (KWT). During our liberation war, the founder of KWT philanthropist Ranada Prasad Shaha (R P Shaha) and his beloved young son Bhabani Prasad Shaha (Robi) were abducted from Narayanganj Kumudini Complex at late night by the Pakistani invaders and local perfidious. On the same day 57 innocent people from Mirzapur and surrounding areas were brutally killed by miscreants and they carried out inhumane torture on the inhabitants and burned down the village of Mirzapur. Even though the country became independent in 1971, the terrible memories of that day still haunt the villagers.

A remembrance and prayer meeting was organized at Bharateswari Homes' PPM Hall on Thursday, May 7. It was attended by the





Laying of floral wreath at the mural of Shaheed Ranada Prasad Shaha.

পরিবারের সদস্যবৃন্দ, কমপ্লেক্সের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থী, হাসপাতালের চিকিৎসক, ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। উপস্থিত ব্যক্তিবর্গের মধ্যে ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, শ্রীমতী সাহা ও শম্পা সাহা, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. প্রদীপ কুমার রায়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের প্রিন্নিপাল প্রফেসার ডা. এম এ হালিম, ভারতেশ্বরী হোম্সের প্রিন্নিপাল মন্দিরা চৌধুরী, নার্সিং কলেজের প্রিন্নিপাল সিস্টার রীনা ক্রুজ প্রমুখ।

ম্মরণসভায় চার পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করা হয় এবং শহীদদের আত্মার শান্তি কামনায় এক মিনিট নিরবতা পালন করা হয়। পরে নার্সিং কলেজের ছাত্রীরা প্রার্থনা সঙ্গীত পরিবেশন করেন।

এই দিন স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি পালন এবং হাসপাতালের রোগীদের জন্য বিশেষ খাবারের ব্যবস্থা করা হয়।

এই উপলক্ষে মির্জাপুর গ্রামে শহীদ আর পি সাহা-র পৈতৃক বাড়িতে মির্জাপুর ও পার্শ্ববর্তী গ্রামের প্রায় ১০ হাজার লোকের মধ্যাহ্নভোজের আয়োজন করা হয়। এতে সমাজের নানা পেশা শ্রেণির মানুষজন অংশগ্রহণ করেন।

members of Kumudini family, teachers and students of all the educational institutions of the Complex, doctors and students of Kumudini Women's Medical College (KWMC), officials and staff of the Trust. Among others the meeting was attended by MD of KWT Mr Rajiv Prasad Shaha, Directors of the Trust Ms Protiva Mutsuddi, Mrs Srimati Shaha, Mr Mahavir Pati and Mrs Shampa Shaha, Director Kumudini Hospital Dr Pradip Kumar Roy, KWMC Principal Dr M A Halim, Principal Bharateswari Homes Mrs Mandira Chowdhury and Principal Kumudini Nursing College Sister Rina Cruz. The meeting started with recitation from four scriptures and one minute's silence was observed for the eternal peace of the martyrs. Later on students of Kumudini Nursing College performed prayer songs.

On this occasion, a luncheon was organized for around 10,000 people at the premises of Shaheed R P Shaha's village home. People from various professions and classes of the society participated.

Earlier, voluntary blood donation programme was arranged and served special food among the patients of the hospital.



Voluntary blood donation at Kumudini Women's Medical College and Hospital.



## Midday meal organized for people from all walks of life on the occasion of Abduction Day











### কুমুদিনীর আয়োজনে আন্তর্জাতিক ক্যান্সার ও প্যালিয়েটিভ কেয়ার সম্মেলন

## **International Cancer & Palliative Care Conference at Kumudini**



Mrs Srimati Shaha, Director KWT, speaking at the inaugural session of the Conference.

টাঙ্গাইলের মির্জাপুরে শহীদ দানবীর রণদা প্রসাদ সাহা কর্তৃক আর্তমানবতার সেবায় প্রতিষ্ঠিত কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট কমপ্লেক্সে ২২ ও ২৩শে মে দু'দিন ব্যাপী International Cancer & Palliative Care Conference 2024 শীর্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়। আয়োজক কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট। যুক্তরাষ্ট্রের Simmons University ও Massachusetts General Hospital এবং কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের যৌথ উদ্যোগে এই আন্তর্জাতিক সম্মেলনটি অনুষ্ঠিত হয়।

কুমুদিনী কমপ্লেক্সে অবস্থিত ভারতেশ্বরী হোম্সের পি পি এম হলে এক উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত এই সম্মেলনে মার্কিন যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের চিকিৎসা বিশেষজ্ঞগণ অংশগ্রহণ করেন। উপস্থিত ছিলেন স্বাস্থ্য মন্ত্রণালয়ের উধর্বতন কর্মকর্তাবৃন্দ, টাঙ্গাইল জেলা ও মির্জাপুর উপজেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দ, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক প্রতিভা মুৎসুদ্দি, শ্রীমতী সাহা, মহাবীর পতি ও শম্পা সাহা, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. পি কে রায়, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. এম এ হালিম, কুমুদিনী নার্সিং কলেজের অধ্যক্ষ সিস্টার রীনা ক্রুজ এবং ট্রাস্টের চিকিৎসকবৃন্দ। সমোলনে দেশি-বিদেশি প্রায় ৩০০ ক্যান্সার ও প্যালিয়েটিভ কেয়ার বিশেষজ্ঞ অংশ নেন।

সম্মেলন শুরুর আগে বিশিষ্ট অতিথিগণ কুমুদিনী কমপ্লেক্সের বিভিন্ন সেবাধর্মী প্রতিষ্ঠান ঘুরে দেখেন। তাঁরা কুমুদিনীর প্রতিষ্ঠানগুলোর সেবার মান দেখে সম্ভোষ প্রকাশ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা স্বাগত বক্তব্য রাখেন। বক্তব্য রাখেন ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা। অধ্যাপক ডা. এম এ হালিম কুমুদিনীতে ক্যান্সার চিকিৎসার ইতিহাস সম্পর্কে উপস্থিত ব্যক্তিদের একটি ধারণা দেন।

সম্মেলনের শুরুতে যুক্তরাষ্ট্র থেকে আগত প্রতিনিধিদের পরিচয় করিয়ে দেন মেসাচুসেটস জেনারেল হাসপাতালের ক্যান্সার বিশেষজ্ঞা ডা. বিমলাংশু দে।

সম্মেলনের প্রথম দিন অনেকগুলো অধিবেশন অনুষ্ঠিত হয়। একাধিক অধিবেশনে ক্যান্সার চিকিৎসার ক্ষেত্রে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের প্রতিষ্ঠাতা রণদা প্রসাদ সাহা-র দূরদর্শিতার কথা তুলে ধরা হয়। উল্লেখ্য, ১৯৪৮ সালে কুমুদিনী হাসপাতালে তিনি প্রথম রেডিওথেরাপি যন্ত্র বসিয়ে ছিলেন।

বক্তাগণ বিভিন্ন অধিবেশনে ক্যান্সার নিবারণ ও এ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, সময়মতো ক্যান্সার শনাক্তকরণ, প্যালিয়েটিভ কেয়ার ও দেহের ব্যথা প্রশমন বিষয়ে সর্বশেষ অর্থগতি সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন। Two days long International Cancer & Palliative Care Conference 2024 was held at Kumudini Complex, Mirzapur on 22 and 23 May 2024. The conference was organized by Kumudini Welfare Trust (KWT). The conference was jointly hosted by Simmons University and Massachusetts General Hospital of USA and Kumudini Welfare Trust.

The conference held at the P P M Hall of Bharateswari Homes was attended by medical specialists from USA and Bangladesh. Those present in the conference included high officials from the ministry of health, officials from Tangail District and Mirzapur upazila administration, Managing Director of KWT Mr Rajiv Prasad Shaha, Directors of KWT Protiva Mutsuddy, Srimati Shaha, Mahavir Pati and Shampa Shaha, Director of Kumudini Hospital Dr P K Roy, Principal of Kumudini Women's Medical College (KWMC) Prof Dr M A Halim, Principal of Kumudini Nursing College Sister Rina Cruse and doctors from Kumudini Trust. There were around 300 foreign and national participants in the conference.

The invited guests went round the different institutions of KWT located within Kumudini Complex, Mirzapur. Thy expressed their satisfaction on the level of service provided by KWT.

MD of KWT delivered the welcome speech at the inaugural session. Director KWT Mrs Srimati Shaha also spoke. Prof M A Halim the Principal of KWMC spoke on the history of cancer treatment at Kumudini. It may be noted that Kumudini was the pioneer in cancer treatment in the late 1940s in the then East Pakistan. The participants from USA were introduced by cancer specialist Dr Bimalangsu Dey from Massachusetts General Hospital. On the first day several sessions took place. In one of the sessions the contribution of the founder of KWT Mr R P Shaha was highlighted. He was the one who set up the first Radiotherapy machine in 1948.





Participants: International Cancer & Palliative Care Conference 2024.

#### Compassionate Kumudini for Palliative Care in Bangladesh শীৰ্ষক কৰ্মশালা

দু'দিন ব্যাপী সম্মেলনের শেষ দিন ২৩শে মে অনুষ্ঠিত হয় প্রশমন সেবা বা প্যালিয়েটিভ কেয়ার সম্পর্কে Compassionate Kumudini for Palliative Care in Bangladesh শীর্ষক স্টেকহোল্ডারদের নিয়ে একটি ওয়ার্কশপ বা কর্মশালা। Compassionate Kumudini বা মমতাময়ী কুমুদিনী একটি কম্যুনিটি ভিত্তিক উদ্যোগ। কর্মশালাটি যৌথভাবে আয়োজন করে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট, বাংলাদেশ প্যালিয়েটিভ কেয়ার সোসাইটি ও ভারতের কেরালা রাজ্যের ইনস্টিটিউট অব প্যালিয়েটিভ মেডিসিন।

কর্মশালায় জানানো হয়, চিকিৎসায় ভালো হবে না এমন মৃত্যুপথযাত্রী মানুষের ভোগান্তি বা কট্ট কমানোর জন্য প্রশিক্ষণ প্রাপ্ত সেবক-সেবিকাদের প্রয়াস হচ্ছে প্যালিয়েটিভ কেয়ার বা প্রশমন সেবা। প্রকৃতপক্ষে এই বিষয়ে দেশে প্রশিক্ষিত জনবল ও প্রতিষ্ঠানের অভাব আছে, এ বিষয়ে মানুষের ধারণা অস্পষ্ট। নেই জনসচেতনতাও।

#### Workshop on Compassionate Kumudini for Palliative Care in Bangladesh

In the different sessions the participants discussed on the latest development in cancer research, treatment and creation of awareness. They also discussed the importance of palliative care and means of ameliorating pain that the patients suffer. On the 2nd day of the conference a stakeholder's workshop titled Compassionate Kumudini for Palliative Care in Bangladesh was arranged. Compassionate Kumudini is a community-based initiative. The workshop was jointly organized by Kumudini Welfare Trust, Bangladesh Palliative Care Society and Kerala based Institute of Palliative Medicine. In the conference it was informed that Palliative Care is that support which is provided by trained service providers to patients who are not likely to improve any further and help them reduce the pain that they go through. In



Stakeholder Workshop: Compassionate Kumudini for Palliative Care in Bangladesh. Prof Dr Nizamuddin Ahmed is giving an enlightening speech on Palliative Care.





কর্মশালায় মূল বক্তব্যে বিএসএমএমইউ-র প্যালিয়েটিভ কেয়ার মেডিসিন বিভাগের প্রতিষ্ঠাতা এবং পেলিয়েটিভ কেয়ার সোসাইটি অব বাংলাদেশের ফাউন্ডার চেয়ারম্যান অধ্যাপক ডা. নিজামউদ্দিন আহমেদ বলেন, চিকিৎসকেরা অনেক রোগীকে হাসপাতাল থেকে বাড়ি নিয়ে যাওয়ার পরামর্শ দিয়ে বলেন, তাদের আর কিছু করার নেই। ফলে ওই মুমূর্ষু ব্যক্তির ঠাঁই হয় পরিবারে। কিন্তু কীভাবে ওই মানুষটিকে সেবা দিতে হবে তা পরিবার জানে না।

অধ্যাপক নিজামউদ্দিন বলেন, প্যালিয়েটিভ কেয়ার সম্পর্কে পরিবারের সদস্যদের জ্ঞান, প্রশিক্ষণ থাকলে তারা ঠিক সেবাটি দিতে পারেন। এতে ওই ব্যক্তির যন্ত্রণাহীন মৃত্যুর সুযোগ থাকে।

প্রফেসর নিজামউদ্দিন বলেন, কম্যুনিটিকে অন্তর্ভুক্ত করা না গেলে প্যালিয়েটিভ সেবার উদ্দেশ্যে সফল হবে না।

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট দেশি বিদেশি ব্যক্তি ও প্রতিষ্ঠানের সহায়তায় মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্সে 'Compassionate Kumudini' বা 'মমতাময়ী কুমুদিনী' নামে প্যালিয়েটিভ কর্মসূচি চালু করেছে।

কুমুদিনী সম্প্রতি মির্জাপুর পৌরসভার ৯টি ওয়ার্ডের মধ্যে পাঁচটি ওয়ার্ডে জরিপ চালিয়েছে। জরিপে এসেছে, এদের মধ্যে প্যালিয়েটিভ কেয়ার লাগবে ৭৬ জনের। কর্মশালায় বক্তৃতাকালে ট্রাস্টের পরিচালক প্রতিভা মুৎসুদ্দি বলেন, কোনো মানুষ বিনা যত্নে ও বিনা চিকিৎসায় মারা যাবে না, এই দর্শন কুমুদিনী তার প্রতিষ্ঠালত্ন থেকে মেনে চলছে।

কর্মশালায় অন্যান্য বক্তাদের মধ্যে ছিলেন, ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, পরিচালক শ্রীমতী সাহা, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর ডা. এম এ হালিম, কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. পি কে রায় প্রমুখ।

রাজীব প্রসাদ সাহা তাঁর বক্তৃতায় বলেন যে, কুমুদিনী তার স্বাস্থ্যসেবা কর্মসূচি দেশের প্রত্যন্ত এলাকার মানুষের দোরগোড়ায় পৌছে দিতে চায়।

কুমুদিনী নার্সিং কলেজের ভাইস প্রিন্সিপাল সিস্টার শেফালী রানী সরকার আলোচনাকালে উল্লেখ করেন, বিশ্বে জনসংখ্যার মাত্র ১৪ শতাংশ মানুষ প্রশমন সেবা পেয়ে থাকেন। বাংলাদেশের মতো দেশে এই হার আরও অনেক কম।

this respect there is a shortage of caregivers and lack of general awareness about palliative care.

Dr Nizamuddin Ahmed, founder of Palliative Care Medicine Dept of BSMMU and Chairman of Palliative Care Society of Bangladesh informed the participants that at times the doctors ask the patients to be taken home when the hospital thinks that further treatment is unlikely to cure the patient. The terminally ill patient then ends up with the family. The family does not know how to care for this patient. Dr Nizam said that if the family members are aware and trained in providing palliative care then they will be able to provide the care needed. The patient can then hope for a painless death. Dr Nizam also said if the community cannot be integrated into this then the aim of providing palliative care will be defeated.

With support from national and international individuals and institutions Kumudini had launched an initiative named "Compassionate Kumudini" at Kumudini Complex, Mirzapur. Kumudini had recently carried out a survey in 5 out of 9 municipal wards in Mirzapur Upazila. The survey says that there is a requirement of palliative care for 76 persons. During her speech the Director of KWT Ms Protiva Mutsuddy said that since inception Kumudini had believed in the philosophy that none should die due to lack of treatment and care. Others who delivered speeches at the workshop included MD of KWT Mr Rajiv Prasad Shaha, Director Mrs Srimati Shaha, Principal of KWMC Prof M A Halim and Director of Kumudini Hospital Dr P K Roy. Vice Principal of Kumudini Nursing College Mrs Shefali Rani Sarker informed that only 14% of the population of the world receive palliative care and this percentage is much lower in Bangladesh. In his speech Mr Rajiv Prasad Shaha said that Kumudini wishes to ensure that health services are made available at the doorsteps of those in need.

#### নার্সদের ELNEC প্রশিক্ষণ ELNEC Training for Nurses



A specialist from the USA is seen conducting a class in the 4-day long ELNEC training programme.

কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ও আয়াত ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে মির্জাপুরস্থ কুমুদিনী কমপ্লেক্সে চার দিনের ELNEC বা End-of-Life Nursing Education Consortium প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

২০-২৩শে মে পর্যন্ত অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কর্মসূচিতে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ৭২ জন নার্স অংশ নেন। এদের মধ্যে সরকারি প্রতিষ্ঠান থেকে ৩০ জন এবং বেসরকারি প্রতিষ্ঠান থেকে ৪২ জন ছিলেন। প্রশিক্ষণ গ্রহণকারী নার্সগণ দেশের বিভিন্ন অঞ্চলের উপজেলা হেল্থ কমপ্লেক্স, মেডিকেল কলেজ ও হাসপাতাল, জেলা সদর হাসপাতাল, ক্যান্সার ইনস্টিটিউট এবং নার্সিং ইনস্টিটিউট থেকে এসেছিলেন।

Kumudini Welfare Trust and Ayat Foundation jointly organized a 4-day long End-of-Life Nursing Education Consortium (ELNEC) training at Kumudini Complex, Mirzapur.

A total of 72 nurses from both private and govt nursing institutes participated in the training held from 20 to 23 May 2024. There were 30 participants from govt institutions and 42 from the private. The participants were from different Upazila Health Complex, Medical College & Hospital, District Hospitals, and from Cancer and Nursing Institutes.



যুক্তরাষ্ট্র থেকে আগত বিশেষজ্ঞ প্রশিক্ষকদের পরিচালিত চার দিনের এই ELNEC প্রশিক্ষণ কর্মসূচিতে মূল কারিকুলামে গুরুতর অসুস্থতা বিষয়ক মোট আট-টি মডিউলের উপর প্রশিক্ষণ দেয়া হয়। যেমন প্যালিয়েটিভ কেয়ার, Pain Assessment and Management, Symptom Management, Ethical and Legal Issues, Cultural and Spirtual Considerations, Communication, Loss Grief and Bereavement etc.

Specialist trainers from the USA conduct training on 8 modules related to serious illness. The subjects included Palliative Care, Pain Assessment and Management, Ethical and Legal Issues, Cultural and Spiritual Considerations, Grief and Bereavement etc.



Trainees from the Govt and private institutions after successful completion of ELNEC training.

অতিথি প্রশিক্ষকগণ ছিলেন মূলত মেসাচুসেটস জেনারেল হাসপাতাল (MGH) ও সিমনস ইউনিভার্সিটি অব নার্সিং অ্যান্ড হেল্থ সার্ভিসের বিশেষজ্ঞগণ। তাঁরা হলেন Anne-Marie Barron (Simmons University), Emily Erhardt (MGH), Kelsey Flynn (MGH), Heather Shlosser (Simmons University), Nisha Wali (MGH) এবং Lepains Sharp-Mettenry (University of Nebraska Medical Center)

মৃত্যু পথযাত্রী রোগীকে জীবনের অন্তিম দিনগুলোতে সেবাশুশ্রুষায় দ্বারা কী করে একটু প্রশান্তি দেয়া যায় ELNEC সে সম্পর্কে নার্স ও হেল্থকেয়ার পেশাজীবীদের প্রশিক্ষণের মাধ্যমে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করে থাকে।

কুমুদিনীতে আয়োজিত এই কার্যক্রমে ঢাকা ব্যাংক সহযোগী প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করে। The foreign trainers were mostly from Massachusetts General Hospital (MGH) and Simmons University, USA. They included Anne-Marie Barron (Simmons University), Emily Erhardt (MGH), Heather Shlosser (Simmons University), Nisa Wali (MGH) and Lepains Sharp-Mcttenry (University of Nebraska Medical Centre). ELNEC Training helped broaden the knowledge of the participants with respect to provision of healthcare for terminally ill patients. Dhaka Bank acted as an associate with Kumudini in organizing the training.



Dr Devi Prasad Shetty, Chairman & Founder of Narayan Health (India), receiving two historical books on martyr R P Shaha from Mr Rajiv Prasad Shaha, MD KWT, during his recent visit to Bangalore.





### এডিবি'র প্রতিনিধি দলের মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন

### ADB Delegation Visit Kumudini Complex in Mirzapur



A delegation led by Executive Director of ADB Mr Vikash Sheel is seen beside the mural of philanthropist R P Shaha during their visit to Kumudini Complex in Mirzapur.

এশিয়ান উন্নয়ন ব্যাংক (এডিবি)'র নির্বাহী পরিচালক বিকাশ শীলের নেতৃত্বে একটি প্রতিনিধি দল ২৭শে জুন মির্জাপুরে কুমুদিনী কমপ্লেক্স পরিদর্শন করেন।

প্রতিনিধি দলে অন্যান্যদের মধ্যে ছিলেন নির্বাহী পরিচালকের উপদেষ্টা পুণ্যরাজ ভেলুম্বামী, কান্দ্রি ডিরেক্টর এডিমন গিনটিং, ডেপুটি কান্দ্রি ডিরেক্টর জিয়াংবো নিং, কান্দ্রি অফিস হেড মিস না ওন কিম এবং কান্দ্রি অফিসের সিনিয়র কম্যুনিকেশন অফিসার গোবিন্দ বর।

সফরকারী দলের সাথে উপস্থিত ছিলেন SEIP প্রজেক্ট এর নির্বাহী প্রকল্প পরিচালক মোহাম্মদ ওয়ালি হোসেন, উপ-নির্বাহী প্রকল্প পরিচালক মাহফুজ আলম খান ও সহকারী নির্বাহী প্রকল্প পরিচালক ভূঁএরা মোহাম্মদ রেজাউর রহমান ছিদ্দিক।

সরকারী দলটি কুমুদিনী কমপ্লেক্সে পৌঁছালে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট (KWT) এর ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা তাঁদের স্বাগত জানান এবং ভারতেশ্বরী হোম্সের শিক্ষার্থীরা জানায় ফুলেল শুভেচ্ছা। এই সময় ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা ও শম্পা সাহা, কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজের অধ্যক্ষ, কুমুদিনী হাসপাতালের পরিচালক, কুমুদিনী-SEIP প্রকল্পের প্রধান সমন্বয়কারী প্রমুখ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

KWT'র ব্যবস্থাপনা পরিচালক সফরকারী দলকে ট্রাস্টের কর্মকাণ্ডের বিষদ ধারণা দেন। এরপর প্রতিনিধি দলটি কুমুদিনী হাসপাতাল পরিদর্শন করে নার্সিং হোস্টেল মাঠে শিক্ষার্থীদের শারীরিক কসরত উপভোগ ও সালাম গ্রহণ করেন। তারপর প্রস্তাবিত আধুনিক নার্সিং কলেজ ও ডরমেটরি ভবনের স্থান দেখে SEIP প্রকল্পাধীন স্পেশালাইজড নার্সিং ও কেয়ারগিভিং প্রোগ্রামের কার্যক্রম পরিদর্শন করেন।

প্রতিনিধি দলটি ট্রাস্টের প্রতিষ্ঠাতা দানবীর রণদা প্রসাদ সাহা-র স্মৃতি বিজড়িত লৌহজং নদী পাড়ের নিবাসটি পরিদর্শন করেন। • A delegation led by Asian Development Bank (ADB) Executive Director Mr Vikash Sheel visited Kumudini Welfare Trust (KWT) Complex in Mirzapur on June 27.

Among others the delegation included adviser to the Executive Director Mr Punyaraj Velusvamy, Country Director Mr Edemon Ginting, Deputy Country Director Jiang Bo Ning, Country Office Head Ms Na Won Kim and Country Office Senior Communication Officer Mr Govinda Bar

SEIP Executive Director Mr Mohammad Wali Hossain, Deputy Executive Project Director Mr Mahfuz Alam Khan and Asst Executive Director Bhuyan Mohammad Rezaur Rahman Siddique were also present with the delegation.

On arrival the members of the delegation were welcomed by the KWT Managing Director Mr Rajiv Prasad Shaha. Students of Bharateswari Homes greeted them with flowers. Directors of KWT Mrs Srimati Shaha and Mrs Shampa Shaha, Principal of Kumudini Women's Medical College, Director Kumudini Hospital, Chief Coordinator of Kumudini -SEIP Project were present among others.

Mr Rajiv Prasad Shaha briefed the visiting team about the activities of the Trust. The delegation visited Kumudini Hospital and then enjoyed the calisthenics display of the students on the nursing hostel ground.

The vising ADB team also visited the village home of philanthropist Shaheed Ranada Prasad Shaha, founder of KWT.



### কুমুদিনী সেবিকা কলেজে আন্তর্জাতিক সেবিকা দিবস পালিত

ফ্লোরেন্স নাইটিঙ্গেলের জন্মদিনটি সারা বিশ্বে আন্তর্জাতিক সেবিকা দিবস হিসেবে পালিত হয়। গত ১২ই মে মির্জাপুরে কুমুদিনী নার্সিং কলেজ কর্তৃপক্ষ দিবসটি উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করেন। এই দিন সকালে নার্সিং কলেজের সামনে থেকে নার্সদের একটি বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়ে কুমুদিনী কমপ্লেক্স প্রদক্ষিণ করে। পরে শোভাযাত্রাটি কুমুদিনী হাসপাতালের প্রধান ফটকের সামনে পৌঁছানোর পর শপথ গ্রহণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে শিক্ষার্থীদের শপথ পাঠ করান নার্সিং কলেজের ভাইস

অনুষ্ঠানে শিক্ষার্থীদের শপথ পাঠ করান নার্সিং কলেজের ভাইস প্রিন্সিপাল সিস্টার শেফালী সরকার। এই সময় প্রিন্সিপাল সিস্টার রীনা ক্রুজ ও মেট্রন সিস্টার দিপালী পেরারাসহ নার্সিং কলেজের শিক্ষক-শিক্ষার্থী এবং কুমুদিনী পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন।

দিবসটির অন্যান্য কর্মসূচির মধ্যে ছিল কমপ্লেক্সের আনন্দ নিকেতন মিলনায়তনে কেক কাটা এবং শিক্ষক–শিক্ষার্থীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। ●

## **Int'l Nursing Day Observed at KNC**

Florence Nightingale's birthday is celebrated as International Nurse's Day all over the world. On May 12, a programme was organized at Kumudini Nursing College (KNC) in Mirzapur to mark the day.

A colourful procession of the KNC nurses was taken out which went around the Kumudini Complex. Later, the procession reached the main gate of Kumudini Hospital and the nurses were sworn in. Vice Principal KNC Sister Shefali Sarker administered the oath ceremony. Principal Sister Rina Cruz and Matron Sister Dipali Parera, teachers and students of KNC and members of Kumudini Family were present.

Among the other programmes of the day were a cultural show participated by the teachers & students. Cutting cakes at Ananda Niketan in the Complex was part of the ceremony.



A colourful rally brought out by the teachers and students of Kumudini Nursing School & College to mark the Int'l Nursing Day.



### ধামরাইয়ে যশোমাধব দেবের ঐতিহ্যবাহী রথযাত্রা উদ্যাপিত

### Rath Yatra of Yashomadhav Celebrated at Dhamrai

ধামরাই শহরে পালিত হয়েছে
যশোমাধব দেবের চারশা বছরের
ঐতিহ্যবাহী রথযাত্রা উৎসব। হাজার
হাজার দর্শনার্থীর উপস্থিতিতে মহা
ধুমধামে উৎসবের সূচনা হয় ৭ই
জুলাই এবং উল্টোরথ বা পুনঃরথযাত্রা
উদ্যাপনের মাধ্যমে ১৫ই জুলাই এই
উৎসবের সমাপ্তি ঘটে। তবে
রথোৎসব কেন্দ্রিক গ্রামীণ মেলা
মাসব্যাপী অব্যাহত ছিল।


রথোৎসবের উভয় দিবসে সরকার ও প্রশাসনের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। প্রথম দিন অন্যান্যদের মধ্যে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় কুমার ভার্মা।

উৎসবের সূচনা দিবসের শুভারম্ভ হয় সকালে। এইদিন প্রতি বছরের মতো মির্জাপুরের কমুদিনী কমপ্লেক্সর

শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রী ও শিক্ষকমণ্ডলী পরিবেশিত সঙ্গীতাঞ্জলি এবং যশোমাধব মন্দিরের পূজারীবৃন্দের প্রার্থনার মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। রথোৎসবের সার্বিক তত্ত্বাবধানে ছিলেন শ্রীশ্রীযশোমাধব মন্দির পরিচালনা কমিটির সভাপতি মেজর জেনারেল জীবন কানাই দাস (অব:), সাধারণ সম্পাদক শ্রী রাজীব প্রসাদ সাহাসহ মন্দির কমিটির সকল সদস্যবন্দ।

উল্লেখ্য, দীর্ঘদিনের প্রথা অনুযায়ী যশোমাধব দেবের রথোৎসব তিথিতে নারায়ণগঞ্জ কুমুদিনী জুট বেলিংয়ের জন্য মরশুমের নতুন পাট ক্রয়ের সূচনা হয়। এ বছর ১৫ই জুলাই উল্টোরথের দিন 'লাকি পারচেজ ডে' হিসেবে বিক্রেতাদের নিকট থেকে পাট ক্রয়ের সূচনা করা হয়।

ইতিপূর্বে বালিয়াটির জমিদারগণ স্থানীয় ভক্তবৃন্দের সহযোগিতায় ধামরাইর রথোৎসবের তত্ত্বাবধান করতেন। জমিদারি প্রথা বিলুপ্তির পর রায় বাহাদুর রণদা প্রসাদ সাহা এই রথের দেখভাল করতেন। অদ্যাবধি তাঁর প্রতিষ্ঠিত কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট ও কুমুদিনী পরিবারের সদস্যগণ এই রথের দেখভাল করছেন।



Celebration of Rath Yatra at Dhamrai.

Rath Yatra of Yashomadhav Dev, a four hundred years' historic festival, was celebrated with great enthusiasm at Dhamrai.

The festival began on July 7 and concluded on July 15 with Ultorath celebration. However, the month - long Grameen Mela (village fair) continued as usual.

Distinguished persons of administration were present on both the days of the festival.

Mr Pranoy Kumar Verma, Indian High Commissioner in Dhaka, was present as special guest on the opening day.

The opening day of the festival started auspiciously in the morning. On this day, like

every year, the programme started with rendering devotional songs performed by the students and teachers of the educational institutions of Kumudini Complex in Mirzapur and prayers by the worshipers of Yashomadhav temple.

The temple management committee president Major General Jibon Kanai Das (Retd), General Secretary Mr Rajiv Prasad Shaha and all the members of the committee were in overall supervision of the festival. It is to be mentioned that zaminders of Baliati used to supervise the temple of Yashomadhav temple and Ratha Yatra festival with the help of local devotees. After abolition of zaminderi system, the founder of Kumudini Welfare Trust Rai Bahadur Ranada Prasad Shaha took care of the temple and festival. Until now the members of Kumudini family are taking care of the temple and Rath festival.



### ভারতেশ্বরী হোম্স একাদশ শ্রেণির ছাত্রীদের নবীন বরণ

৩১শে আগস্ট ভারতেশ্বরী হোম্সের পিপিএম হলে একাদশ শ্রেণির নবীন ছাত্রীদের আনুষ্ঠানিকভাবে বরণ করে নেয়া হয়।

অনুষ্ঠানটি পরিচালনা করে হোম্সের ছাত্রী সংসদের সদস্যরা। অন্যান্য ছাত্রীরা তাদের সহযোগিতা করে।

অনুষ্ঠানে অথজ ছাত্রীরা নবীন ছাত্রীদের হাতে রাখী বেঁধে দিয়ে তাদের বন্ধুত্বের বন্ধনে আবদ্ধ করেন। উৎসবের আমেজে নাচে-গানে, আবৃত্তি আর অভিনয়ে দিনটিকে শ্বরণীয় করে রাখে।

নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক শ্রীমতী সাহা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভারতেশ্বরী হোমসের অধ্যক্ষা মন্দিরা চৌধুরী।

বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রধান অতিথি শ্রীমতী সাহা, অধ্যাপক অমলেন্দু সাহা, উপাধ্যক্ষ অপূর্ব সাহা, হোস্টেল সুপার ফাহমিদা রহমান, ছাত্রী সংসদের ভিপি ইশরাত জাহান ইরা এবং নবাগতা ছাত্রী মাইশা ফাহমিদা বিনতে জাহাঙ্গীর।

প্রধান অতিথি ছাত্রীদের উদ্দেশ্যে তাঁর ভাষণে এই বিদ্যাপীঠের প্রতিষ্ঠাতা শহীদ রণদা প্রসাদ সাহা-র আদর্শকে তাদের পথ চলার সাথী করে চলার আহ্বান জানান।

### **Bharateswari Homes**

#### **Welcoming Freshers of Class Eleven**

On August 31, freshers of class XI were formally welcomed at PPM Hall of Bharateswari Homes.

The event was conducted by the members of Students Union. Other students assisted them.

The senior students tied Rakhis (band of friendship) on the hands of the new comers and bound them in bond of friendship. The students made the day memorable by dancing, singing, reciting and acting in the mood of festival.

Chief guest of the function was Mrs Srimati Shaha, Director KWT. Principal of the institute Mrs Mandira Chowdhury presided over.


Mrs Srimati Shaha, in her address to the students advised them to follow the ideals of the founder of this institute Shaheed Ranada Prasad Shaha who worked throughout his life for the good of humanity.

Others who spoke in the ceremony included Prof Amalendu Saha, Vice Principal Apurba Saha, Hostel Super Fahmida Rahman, Students Council VP Ishrat Jahan Ira and new student Maisha Fahmida Binte Jahangir.

## ডেক্সিটর ৩০ কুমুদিনী ফার্মার নতুন ওযুধ

সম্প্রতি কুমুদিনী ফার্মা ডেক্সিটর ৩০ নামে নিজেদের উৎপাদিত একটি ওমুধ (ক্যাপসুল) বাজারজাত করেছে।

এটি সেবনের ফলে গ্যাস্ট্রিক এসিড নিঃসরণ প্রতিরোধ হয়। ওষুধটি বুক জ্বালাপোড়াসহ গ্যাস্ট্রিক সমস্যা সমাধানে বিশেষ কার্যকর। এটি খাবার আগে এবং পরে সেবন করা যায়। ওষুধটি গিলে খেতে হয়, চিবিয়ে খাওয়া উচিত নয়। ডেক্সিটর ৩০-এর প্রতি কার্টুনে ৩ X ১০টি ক্যাপসূল রয়েছে। সকল প্রকার ওষুধ চিকিৎসকের পরামর্শে সেবন করা বাঞ্ছনীয়।



Dexitor 30.

# Dexitor 30 New Product of KPL

Recently Kumudini Pharma Ltd. (KPL) has marketed a medicine named Dexitor 30 (capsule). It suppresses gastric acid secretion when consumed as per doctors' prescription. The medicine is indicated for the treatment of heartburn and gastric problems. Dexitor 30 can be taken before or after food. This should be swallowed whole, cannot be chewed.

Each cartoon of Dexitor 30 contains 3x10's capsules in blister pack.

All kinds of medicines should be taken as per physician's advice.



#### Kumudini Women's Medical College (KWMC)

### ২০২৩-২৪ সেশনের নবাগত এমবিবিএস ও বিডিএস ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান

### **Orientation Ceremony for MBBS** and BDS Students of Session 2023-24



Orientation ceremony for MBBS.

কুমুদিনী উইমেন্স মেডিকেল কলেজে ৫ই জুন ও ২২শে আগস্ট যথাক্রমে ২০২৩-২০২৪ সেশনের নবীন এমবিবিএস ও ডেন্টাল ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান সম্পন্ন হয়।

অধ্যক্ষ অধ্যাপক ডা. এম এ হালিমের সভাপতিতে কলেজের বি পি পতি হলে অনুষ্ঠিত এমবিবিএস ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালক মহাবীর পতি। বিশেষ অতিথি ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. পি কে রায়, কুমুদিনী পোর্টের সিইও মোহাম্মদ ফারুক, কলেজের ফিজিওলজি বিভাগের প্রধান অধ্যাপক ডা. দিলরোজ হোসাইন, সার্জারি বিভাগের প্রধান অধ্যাপক ডা. মো. আশরাফ উদ্দীন এবং কম্যুনিটি মেডিসিন বিভাগের প্রধান অধ্যাপক ডা. মো. মিজানর রহমান।

অনুষ্ঠান শুরু হয় কলেজের ছাত্রীদের পরিবেশিত উদ্বোধনী সঙ্গীত পরিবেশনার মাধ্যমে। তারপর প্রদর্শিত হয় শহীদ দানবীর রণদা প্রসাদ সাহার জীবনীর উপর নির্মিত ভিডিও প্রদর্শনী। অধ্যাপক ডা. নিরঞ্জন চন্দ্র বসাক কর্তৃক স্বাগত ভাষণ ও নবাগত ছাত্রীদের শপথ গ্রহণ করানোর পূর্বে ছাত্রীরা কোরআন, গীতা, বাইবেল, ত্রিপিটক ও শ্রীগুরুগ্রন্থ সাহিবজী এই পাঁচ পবিত্র ধর্মগ্রন্থ থেকে পাঠ করে শুনান।

অতঃপর নবাগত ছাত্রীদের ফল দিয়ে বরণ করা হয়। অনুষ্ঠানে নবাগত ছাত্রীদের পক্ষে বাংলাদেশী ছাত্রী সুমিয়া আক্তার এবং বিদেশী ছাত্রী সানা নাজির বক্তব্য

Orientation ceremonies for freshers of MBBS and BDS students of session 2023-2024 were held separately at B P Pati Hall of KWMC respectively on June 5 and August 22.

Mr Mahavir Pati, Director of Kumudini Welfare Trust was the chief guest at the MBBS students' orientation meeting held under the chairmanship of Principal KWMC Prof Dr M A Halim. Special guests were Director Kumudini Hospital Dr P K Roy, Mr Muhammed Farooque, CEO Port KWT, Prof Dr Md Ashraf Uddin, Head of Surgery Dept and Prof Dr Md Mizanur Rahman, Head of Community Medicine Dept.

The ceremony started with the opening song performance by the students of the college. Then a video on the contribution of Shaheed Ranada Prasad Shaha to the society was screened. Before the delivery of welcome address by Prof Dr Niranjan Chandra Basak and administering the oath to the freshers, the students of the college recited from the holy scriptures: The Quaran, the Gita, the Bible, the Tripitok and the Sri Guru Granth Sahib.

The newcomers were welcomed with flowers. Bangladeshi student Sumaia Akhter and foreign student Sana Nazir spoke on behalf of the new students. Prof Dr Suresh Kumar Tulsan and Mr Haif



Orientation ceremony for BDS.





রাখেন। অভিভাবকদের পক্ষে অধ্যাপক ডা. সুরেশ কুমার তুলসান এবং হানিফ শেখ বক্তব্য রাখেন। অনুষ্ঠানের সভাপতি ছাড়াও শিক্ষকদের মধ্য থেকে বক্তব্য রাখেন এনাটমি বিভাগের সহকারী অধ্যাপক ডা. হেনরী সন্দীপ কুমার মণ্ডল এবং ফরেনসিক মেডিসিন বিভাগের সহযোগী অধ্যাপক ডা. জয়া দেবনাথ।

একই ভ্যানুতে ২২শে আগস্ট অনুষ্ঠিত হয় নবাগত বিডিএস ছাত্রীদের পরিচিতি অনুষ্ঠান। কলেজ অধ্যক্ষ অধ্যাপক ডা. এম এ হালিমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন কুমুদিনী হাসপাতালের পরিচালক ডা. পি কে রায়। বিশেষ অতিথি ছিলেন ডেন্টাল ইউনিটের বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. জালাল উদ্দিন মাহমুদ। সার্জারি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. মো. আশরাফ উদ্দিন, ফিজিওলজি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক ডা. দিলরোজ হোসাইন, ফরেনসিক মেডিসিন বিভাগের সহযোগী অধ্যাপক ডা. জয়া দেবনাথ ও ডেন্টাল ইউনিটের সহযোগী অধ্যাপক ডা. মো. রাজিউল হক।

এই অনুষ্ঠানে চার পবিত্র ধর্মগ্রন্থ যথারীতি পবিত্র কোরআন, গীতা, বাইবেল ও ত্রিপিটক পাঠের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়। ডা. মো. রাজিউল হকের স্বাগত বক্তব্যের পর নবাগত ছাত্রীদের ফুল দিয়ে বরণ করা হয়। তাদের শপথ বাক্য পাঠ করান অধ্যাপক ডা. জালাল উদ্দিন মাহমুদ।

সভাপতি ও উপস্থিত শিক্ষকদের বক্তব্য ছাড়াও ছাত্রীদের মধ্যে বক্তব্য রাখেন নিশাত তাসনিম (নবাগতা), মমতা রাই (২য় বর্ষ) এবং অভিভাবক বাদল চন্দ্র রায়। উভয় দিনের অনুষ্ঠানে জাতীয় সঙ্গীত পরিবেশিত হয়।

Sheikh spoke on behalf of the guardians. Apart from the president of the ceremony, Dr Henry Sandeep Kumar Mondal, Asst Prof of Anatomy Dept and Dr Joya Debnath, Asst Prof of Forensic Medicine Dept also spoke.

On the other hand, the orientation ceremony for the new BDS students was held at the same venue on August 22. Dr P K Roy, Director Kumudini Hospital was the chief guest of the function held under the chairmanship of Principal Prof Dr M A Halim. Special guests were Prof Dr Jalal Uddin Mahmud, Head of the Dental Unit, Prof Dr Md Ashraf Uddin, Head of the Surgery Dept, Prof Dr Dilrose Hosain, Head of Physiology Dept, Associate Prof Dr Joya Debnath, Forensic Dept and Associate Prof Dr Md Raziul Haque, Dental Unit.

The ceremony began with the recitations from holy scriptures of four religions. After address of welcome by Dr Md Raziul Haque, the new BDS students were welcomed with flowers. Prof Jalal Uddin Mahmud administered the oath to the freshers.

Besides speeches by the president and other teachers, students Nishat Tasnim (Freshers), Mamata Rai (2nd year) and parent Mr Badal Chandra Roy participated in discussions.

The National Anthem was presented on both the occasions.

#### **Health Service To The Flood Victims**



Medical teams from Kumudini Hospital attending victims of the recent floods in greater Noakhali areas.

গত ২৭-৩০শে আগস্ট পর্যন্ত কুমুদিনী হাসপাতালের ৮ সদস্যের একটি মেডিকেল টিম ফেনী জেলার সিভিল সার্জন অফিসের সঙ্গে সমন্বয় করে সোনাগাজী, কাজির হাট ও সোনপুর উপজেলায় বন্যাদুর্গতদের মাঝে বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদানসহ রোগীদের ওমুধ সরবরাহ করেন। টিমের সদস্যগণ প্রায় ২০০০ বন্যাদুর্গত রোগীকে চিকিৎসাসেবা দিয়েছেন। টিমের সদস্যগণ হলেন কুমুদিনী হাসপাতালের চিকিৎসক ডা. জাহিদ হোসেন ডা. মো. সাকিব হোসেন, ডা. আজিমুল ইসলাম, নার্স উর্বী চাকমা, নিরুম তালুকদার ও অন্যান্যরা।

From August 27 to 30, a medical team of eight members from Kumudini Hospital coordinated with the civil surgeon office of Feni district provided free medical care and medicines among nearly 2000 flood affected patients.

The members of the Kumudini Hospital's medical team included Dr. Zahid Hossain, Dr. Md. Sakib Hossain, Dr. Azimal Islam, nurse Urbi Chakma, Nijhum Talukder and others.



#### আর পি সাহা বিশ্ববিদ্যালয়

#### R P Shaha University (RPSU)

#### বিশ্ববিদ্যালয়ের ১১তম প্রতিষ্ঠা দিবস পালিত 11<sup>th</sup> Foundation Anniversary of RPSU Celebrated



A rally brought out by the students, teachers and staff to mark the foundation day of RPSU.

৭ই জুলাই উদ্যাপিত হল বিশ্ববিদ্যালয়ের ১১তম প্রতিষ্ঠা দিবস। বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা বার্ষিকীর কর্মসূচির মধ্যে ছিল জাতীয় সংগীত পরিবেশন, জাতীয় পতাকা উত্তোলন, মুক্ত আকাশে পায়রা উভানো এবং আনন্দ র্য়ালি। র্যালিটি নতন একাডেমিক ভবন থেকে শুরু হয়ে ক্যাম্পাস প্রদক্ষিণ করে কেন্দ্রীয় গ্রন্থাগারে শেষ হয়। এরপর আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়, কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট এর উপদেষ্টা আবু আলম মোঃ শহীদ খান। ব্যবসায় প্রশাসন অনুষদের ডীন অধ্যাপক ড. মো: নাজমুল হাসান, রেজিস্ট্রার সরকার হিরেন্দ্র চন্দ্র, পরীক্ষা নিয়ন্ত্রক, বিভাগীয় প্রধানবৃন্দ, প্রক্টর, ছাত্র উপদেষ্টা, বিভিন্ন অনুষদের ফ্যাকাল্টিবৃন্দ, শিক্ষার্থীবৃন্দ, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বলেন, 'শিক্ষা, গবেষণা, শিক্ষাসহায়ক কার্যক্রম এবং নিজ গুণাবলিতে দেশ-বিদেশে অনন্য হয়ে উঠক আমাদের প্রাণের বিশ্ববিদ্যালয়। তিনি শিক্ষার্থীদের দক্ষ মানব সম্পদ হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। পরিশেষে কেক কেটে অনুষ্ঠান সমাপ্তি হয়।

The 11<sup>th</sup> foundation anniversary of the University was celebrated on July 7. The programme included hoisting of national flag, performance of national anthem, flying of pigeons in the open sky, rally and discussion meeting. Starting from the new academic building, the rally went around the campus and then ended at the central library. Later a discussion meeting was held. VC Prof Dr Manindra Kumar Roy, Adviser of KWT Mr Abu Alam Md Shaheed Khan, Dean of Business Administration Dept Prof Dr Md Nazmul Hasan, Registrar Sarker Hirendra Chandra, Controller of Examinations, Heads of all Depts, Proctors, Student's Adviser, students, officers and staff of different faculties were present.

The VC in his speech said, 'May our beloved University become unique in the country and abroad in terms of education, research, educational support activities and its own qualities. He expressed determination to develop the students as efficient human resources. Finally, the ceremony ended with cutting of the anniversary cake.

#### পরিবেশ দিবস উদযাপিত



VC Prof Dr Manindra Kumar Roy planting a sapling in the premises on World Environment Day.

৫ই জুন বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে বক্ষরোপণ কর্মসূচির উদ্যোগ নেয়া হয়। বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে বনজ, ফল, ওষধিসহ নানা প্রজাতির বৃক্ষরোপণ করা হয়। উক্ত কর্মসচির শুভ উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মনীন্দ্র কুমার রায়। উপস্থিত ছিলেন ব্যবসায় প্রশাসন অনুষদের ডীন অধ্যাপক ড. নাজমূল হাসান, রেজিস্ট্রার সরকার হিরেন্দ্র চন্দ্র, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, ছাত্র-উপদেষ্টা ও শিক্ষার্থীবৃন্দ। কর্মসূচির শুরুতে উপাচার্য মহোদয় পৃথিবীর বুকে বৃক্ষের গুরুত্ব তুলে ধরেন এবং বলেন পৃথিবীকে মরুময়তার হাত থেকে রক্ষা করতে হলে সবুজায়নের বিকল্প নেই।

On the occasion of World Environment Day, a tree plantation programme was undertaken at RPSU on June 5.

The event was inaugurated by the VC of the University. The Dean of Business Administration, Registrar, Heads of different Depts, students' adviser and students of the University were present. The VC in his speech highlighted the importance of tree plantation. He said that there is no alternative to greening programme to protect the earth from desertification.





#### জাতীয় কবির ১২৫তম জন্মজয়ন্তি পালিত 125<sup>th</sup> Birth Anniversary of National Poet Celebrated

বিশ্ববিদ্যালয়ে জাতীয় কবি কাজী নজকল ইসলামের ১২৫তম জন্মজয়ন্তিতে এক ব্যালির আয়োজন করা হয়। সকল শিক্ষার্থী সমন্বয়ে ব্যালিটি বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন থেকে শুরু হয়ে একাডেমিক ভবনে শেষ হয়। এরপর এক মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি হয়।



Observing 125th birth anniversary of our National Poet Kazi Nazrul Islam.

A rally was organized in the University on the 125<sup>th</sup> birth anniversary of our National Poet Kazi Nazrul Islam. Starting from the University's

Starting from the University's administrative building the rally ended at the academic building. A cultural programme was also arranged in observance of the anniversary programme.

## **Exploring Experience Kumudini TeamVisits Palliative Hospitals in Kerala**



A team from Kumudini Welfare Trust recently visited IPM and two other institutions in the Indian state of Kerala: (L) Community Pallitive Care Society and (R) Sri Sri College of Ayurvedic Science and Research Hospital.

On 28 February 2024 an MoU was signed between Kumudini Welfare Trust of Bengal (KWT) BD Ltd. and WHO collaborating Center for Community Participation in Palliative Care and Long-Term Care (WHOCC) Kerala, India. In this connection a team from KWT visited Institute of Palliative Medicine (IPM), Kerala, India from 17 to 18 June 2024, attended meeting with Dr. Suresh Kumar, Director, IPM and his team. The KWT team also visited the Institute of Palliative Medicine (palliative care hospital) and Ayurvedic Science and Research Hospital. Discussions were held on Home Care Palliative Programme and Community Lead Palliative Care Programme to explore and gather knowledge of their palliative care services and community palliative care initiatives. From Kumudini the following members were present: Mr Rajiv Prasad Shaha, Managing Director, Mr Prodip Kumar Banik, Principal, Kumudini Trade Training Institute and Animesh Bhowmick, DGM (Operations) Kumudini Hospital.

গত ২৮শে ফেব্রুয়ারি কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট (কেডব্লিউটি) এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার সহযোগী প্রতিষ্ঠান সেন্টার ফর কমিউনিটি পার্টিসিপেশন ইন প্যালিয়েটিভ কেয়ার অ্যান্ড লং-টার্ম কেয়ার (WHOCC), কেরালা, ভারত এর মধ্যে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। এর পরিপ্রেক্ষিতে, কুমুদিনীর একটি টিম গত ১৭ থেকে ১৮ই জুন কেরালার ইনস্টিটিউট অফ প্যালিয়েটিভ মেডিসিন (IPM) পরিদর্শন করে এবং IPM-এর পরিচালক ডা. সুরেশ কুমার ও তাঁর দলের সঙ্গে বৈঠক করে।

কুমুদিনীর সফরকারী দলটি ইনস্টিটিউট অব প্যালিয়েটিভ মেডিসিন (প্যালিয়েটিভ কেয়ার হাসপাতাল) ও আয়ুর্বেদিক সায়েঙ্গ অ্যাভ রিসার্স হসপিটাল পরিদর্শন করে। এ সময় হোম কেয়ার প্যালিয়েটিভ প্রোয়াম এবং কমিউনিটি লিড প্যালিয়েটিভ কেয়ার প্রোয়াম নিয়ে আলোচনা হয়। আলোচনার ফলে টিমের সদস্যদের প্যালিয়েটিভ কেয়ার সেবা এবং কমিউনিটি ভিত্তিক প্যালিয়েটিভ কেয়ার উদ্যোগ সম্পর্কে ধারণা অর্জিত হয়। সফরকারী দলের সদস্যগণ হলেন কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক রাজীব প্রসাদ সাহা, কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট এর অধ্যক্ষ প্রদীপ কুমার বিণিক এবং কুমুদিনী হাসপাতালের ডিজিএম (অপারেশন) অনিমেষ ভৌমিক। ●



#### কুমুদিনী হাসপাতাল চিকিৎসা পরিসংখ্যান

মে-আগস্ট : ২০২৪

#### **Kumudini Hospital** Treatment Statistics

May-August: 2024

টিকাদান কর্মসূচি					Vaccination Programme	May-August	. 2021		
	মে	জুন	জুলাই	আগস্ট	, ucemuion i rogrumme	May	June	July	August
পোলিও	803	8২৫	৬০৩	৬৪২	Polio	401	425	603	642
টিটি	\$89	<b>১</b> 8২	२०৫	২৩৫	T.T	147	142	205	235
বিসিজি	৫৬	১৯৬	\$80	२००	B.C.G	56	196	140	200
রুবেলা	২৭০	30C	৩৭২	७०१	Robela	270	305	372	307
প্যান্টাভ্যালেন্ট	৩৯৪	৩৮৮	<i>৫</i> ৮8	৬০২	Pantavalent	394	388	584	602
পিসিভি	৩৯৪	৩৮৮	<i>৫</i> ৮8	৬০২	PCV	394	388	584	602
এফ, আই, পি, ভি	১৭৮	২৭২	৩৬৬	৩৮৬	FIPV	178	272	366	386
ভিটামিন 'এ' ক্যাপ ২০০০০০	১৭৫	0	0	0	Vitamin 'A' Cap 200000	175	0	0	0
ভিটামিন 'এ' ক্যাপ ১০০০০০	<b>৫</b> ৫	0	0	0	Vitamin 'A' Cap 100000	55	0	0	0
হাসপাতালে ভর্তিকৃত রোগী					Patient Admitted in Hospital				
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	August
ভর্তি	৪৪৯৬	8২৪৮	৪৬৬২	88৫৯	Admission	4496	4248	4662	4459
বহির্বিভাগে মোট রোগী	'				Out Patient				
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	August
	८०५४७	୦৯৯ି৭৩	80000	88৭৮৬		40186	39973	45308	44786
হাসপাতালে মৃত্যু	0.00	04.010	00 10 0	Patient Death in Hospital	10100	37713	15500	11700	
4 1 11 - 13 1 2 2 2	মে	জুন	জুলাই	আগস্ট	1 attent Death in Hospital	May	June	July	August
	১২৯	১৩৬	229	১২৯		129	136	117	129
অ <b>দ্রোপচার</b> , সার্জারি	240	300	227		Operation, Surgery	129	130	117	129
जव्यागणत्र, गांजाात्र	মে	WHAT	জুলাই	আগস্ট	Operation, surgery	May	June	July	August
মেজর	222	জুন ১১৮	\$@8	১০১	Major	118	118	154	101
সেমি মেজর	80		২৯	৩২	Semi Major	0	27	29	32
মাইনর	৫৩০	২৭ ৫১৯	৫৮৩	৫৯৪	Minor	530	519	583	594
অর্থোপেডিক্স	4 30	( 2 t)	400	Q 4,0	Orthopaedics	330	212	202	327
~6416.116.2d	মে	জেন	জুলাই	আগস্ট	S. mopucuies	May	June	July	August
মেজর	৬০	জুন ৪১	१०	৬৬	Major	60	41	70	66
সেমি মেজর	೨೦	٠ <u>٠</u> ২8	৩৮	೨೦	Semi Major	30	24	38	30
মাইনর	₹8€	২৩২	২৮০	২৬২	Minor	245	232	280	262
প্রাস্টার	250	১৩২ ১৩	৯৩	\$00	Plaster	113	93	93	100
সি-আর্ম	<b>3</b> 2	১২	78	78	C-Arm	12	12	14	14
ঠোট কাটা , তালু কাটা				50	Cleft Lip, Cleft Palate	12	12	1-7	ĮΨ
८३१८ स्तरा, अनु स्तरा	OT.	TOTAL	হিলক	আগস্ট	Cient Esp, Cient i alate	May	June	July	August
মেজর	মে	জুন ০	জুলাই	०	Major	12	0	0	0
নাক, কান, গলা	১২	O	0	0	E.N.T.	12	U	U	U
नाक, कान, गणा					E.N.I.	34	T	T.1	A
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	August
মেজর	৬৪	8b-	৬৪	৬৮	Major	64	48	64	68
মাইনুর	৬৩	8€	৩১	৫১	Minor	63	45	31	51
গাইনি					Gynae				
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	August
মেজর	৬৮	88	૧૨	৭৬	Major	68	44	72	76
সেমি মেজর	00	8&	৫২	৬১	Semi Major	55	45	52	61
মাইনর	২	৬	œ	۵	Minor	2	6	5	1
অবসটেট্রিক্স					Obstetrics				
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	August
মেজর	328	২২৮	২১৯	২৮৩	Major	194	228	219	283
শ্বাভাবিক	১২৩	কচ	280	১৬২	Normal	123	98	143	162
চক্ষু					Eye				
অপারেশন	মে	জুন	জুলাই	আগস্ট	Operation	May	June	July	August
মেজর	১৭৫	১২৮	৩৩২	72-8	Major	175	128	332	184
অন্যান্য	78	২৩	80	৬০	Others	14	23	40	60
দন্ত					Dental Operation				
		UNA.	ज्ञाति व	আগস্ট	Dental Operation	May	June	July	August
অপারেশন মেজর	মে ৮০	<b>জুন</b> ৭২	জুলাই ১২১	১১৬	Major	80	72	121	116
সেমি মেজর	৯০		87	22.0	Semi Major	90	6	41	30
মাইনর	১৬৬	২৩৮	২৭৬	২৮৫	Minor	166	238	276	285
মাইনর অপারেশন		130	1.0	124	Minor Operation	100	230	2/0	203
নাম্পার প্রাচরপাশ		10-1	The same of the sa	Tellever	Minor Operation	Mon	Tueso	Trales	Amount
বহির্বিভাগ	মে	জুন	জুলাই	আগস্ট	Out Patient	May	June	July	August
	৭০২	৭৯৩	৮8৫	৭৮০		702	793	845	780
আই সি ইউ					ICU				
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	August
	88	20	2&	৩২		44	55	25	32
কিডনি ডায়ালাইসিস	_		`-	,	Kidney Dialysis				
THE STATE OF	~	TOTAL T	ज्या <del>ज</del>	আগস্ট		May	June	July	August
	মে	জুন	জুলাই					-	
	২৩৮	২৬৬	೨೦8	۵۶۶		238	266	304	311
এন আই সি ইউ					NICU				
	মে	জুন	জুলাই	আগস্ট		May	June	July	August
	289	২৭৫	©\$8	998		247	275	314	334
	707	₹ 100	020	008		24/	213	314	334
চক্ষু শিবির					Eye Camp				
ঠিকানা	মাস/তারিখ	পুরুষ	মহিলা	মোট	Address	Month/Date	Male	Female	Total
মধুপুর, টাংগাইল	\$@/@/28	20	۶۶	<b>9</b> 8	Madhupur, Tangail	15/5/24	13	21	34
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	b/6/2028	১২	৯	২১	Fulbaria, Mymensingh	8/6/2024	12	9	21
						7/7/2024			125
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	9/9/২০২৪	80	b/¢	১২৫	Fulbaria, Mymensingh		40	85	
মধুপুর, টাংগাইল	১৫/৭/২৪	১৯	8৫	৬8	Madhupur, Tangail	15/7/24	19	45	64
ফুলবাড়িয়া, ময়মনসিংহ	৭/৮/২০২৪	26	২৪	৩৯	Fulbaria, Mymensingh	7/8/2024	15	24	39
মধুপুর, টাংগাইল	১৫/৮/২৪	৬	১৯	২৫	Madhupur, Tangail	15/8/24	6	19	25

Published by Kumudini Welfare Trust of Bengal (BD) Ltd. 86, Sirajuddowla Road, Khanpur, Narayanganj, Bangladesh. Tel: 7633545, 7635030, 7635051, 7635052, Fax: 880-2-7635024 E-mail: kumudini@dandylink.com, kwtdhaka@kumudini.org.bd, website: www.kumudini.org.bd